গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য অধিদপ্তর
টিবি গেইট, মহাখালী, ঢাকা।

নং-স্বাঃ অধিঃ/প্রশাসন-২/কোভিড-১৯/২০১৯/৫০১৮ তারিখঃ০৭/১২/২০২০ইং

প্রাপক

বিভাগীয় পরিচালক (স্বাস্থ্য), ঢাকা বিভাগ/চট্টগ্রাম বিভাগ/রাজশাহী বিভাগ/বরিশাল বিভাগ/খুলনা বিভাগ/রংপুর বিভাগ/ময়মনসিংহ বিভাগ/সিলেট বিভাগ।

বিষয় ঃ করোনা ভাইরাসে ( কোভিড-১৯) আক্রান্তদের চিকিৎসা সেবায় নিয়োজিত স্বাস্থ্য কর্মীদের এককালীন বিশেষ সম্মানী প্রসংগে।

সুত্র ঃ ১. ৪৫.০০.০০.০০.১৩৫.০২০.০০৮.২০২০-৯৩৭ তারিখ: ১২/১১/২০২০ খ্রিঃ
২. স্বাঃ অধিঃ/প্রশাসন-২/কোভিড-১৯/২০১৯/৪৩৮৬ তারিখ: ২৯/১১/২০২০ ইং ।

উপর্যুক্ত বিষয়ে ১নং সুত্রস্থ পত্রের প্রেক্ষিতে আপনার বিভাগের সকল ডেডিকেটেড হাসপাতাল (মেডিকেল কলেজ হাসপাতালসহ) সমূহে করোনা ভাইরাসে (কোভিড-১৯) আক্রান্তদের চিকিৎসা সেবায় সরাসরি নিয়োজিত স্বাস্থ্য কর্মীদের নামের তালিকা যাচাই-বাছাই পূর্বক নির্ধারিত ছক অনুযায়ী সমন্বিত তালিকা বিশেষ বাহক মারফত এ অধিদপ্তরে প্রেরন করার জন্য অনুরোধ করা হয়েছিল। সে প্রেক্ষিতে কিছু স্বাস্থ্য প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে তালিকা পাওয়া গেলে তা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, স্বাস্থ্য সেবা বিভাগে প্রেরন হয়। কিন্তু সংশ্লিস্ট তথ্য নির্ধারিত ছক অনুযায়ী না হওয়ায় এবং হার্ড কপি এবং সফট কপি প্রেরন না করায় স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক কোন কার্যকরী পদক্ষেপ গ্রহন করতে পারছে না।

এমতাবস্থায় সুত্রস্থ পত্রদ্বয়ের পরিপ্রেক্ষিতে করোনা ভাইরাসে (কোভিড-১৯) আক্রান্তদের চিকিৎসা সেবায় সরাসরি নিয়োজিত স্বাস্থ্য কর্মীদের নামের তালিকা যাচাই-বাছাই পূর্বক শুধুমাত্র নির্ধারিত ছক অনুযায়ী সমন্বিত তালিকা (হার্ডকপি ও সফট কপি) আগামী ০৩(তিন) কর্মদিবসের মধ্যে প্রেরন করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরী।

(ডাঃ শেখ মোহাম্মদ হাসান ইমাম)
পরিচালক (প্রশাসন)
ফোন: ৫৫০৬৭১৬৬

নং-স্বাঃ অধিঃ/প্রশাসন-২/কোভিড-১৯/২০১৯/৫০১৮/৭(০৪) তারিখঃ০৭/১২/২০২০ইং

অনুলিপি অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য প্রেরন করা হলো (জ্যেষ্ঠতা ক্রমানুসারে নয়) ঃ

১. পরিচালক, ঢাকা মেডিকেল কলেজ হাসপাতাল/মুগদা মেডিকেল কলেজ হাসপাতাল/শহীদ সোহরাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল/রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতাল/রংপুর মেডিকেল কলেজ হাসপাতাল /শহীদ তাজউদ্দিন আহমদ মেডিকেল কলেজ হাসপাতাল,গাজীপুর/শহীদ জিয়াউর রহমান মেডিকেল কলেজ হাসপাতাল, বগুড়া/ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতাল/শহীদ সৈয়দ নজরুল ইসলাম মেডিকেল কলেজ হাসপাতাল, কিশোরগঞ্জ/শেরে বাংলা মেডিকেল কলেজ হাসপাতাল, বরিশাল/পটুয়াখালী মেডিকেল কলেজ হাসপাতাল/ময়মনসিংহ মেডিকেল কলেজ হাসপাতাল/শেখ হাসিনা মেডিকেল কলেজ হাসপাতাল, জামালপুর।
২. পরিচালক, কুর্মিটোলা জেনারেল হাসপাতাল/শেখ রাসেল গ্যাস্ট্রোলিভার ইনস্টিটিউট ও হাসপাতাল/কুয়েত-বাংলাদেশ মৈত্রী সরকারি হাসপাতাল/বাংলাদেশ ইনস্টিটিউট অব ট্রপিক্যাল এন্ড ইনফেকসাস ডিজিজ, চট্টগ্রাম।
৩. তত্ত্বাবধায়ক, সংক্রামক ব্যাধি হাসপাতাল, মহাখালী, ঢাকা।
৪. সিভিল সার্জন, ---------------------------------------------------------(সকল)।
৫. সিনিয়র সিস্টেম এনালিষ্ট, এমআইএস, স্বাস্থ্য অধিদপ্তর,মহাখালী,ঢাকা। ওয়েব সাইটে প্রকাশ এবং ই-মেইলের মাধ্যমে সংশ্লিষ্ট সকলের নিকট প্রেরন করার জন্য অনুরোধ করা হলো।

তাগিদপত্র-০২

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
স্বাস্থ্য সেবা বিভাগ
বাজেট-১ শাখা

স্মারক নং-৪৫.০০.০০০০.১৩৯.০২০.০০৮.২০২০/১০৮৫ তারিখঃ ১৫-১২-২০২০খ্রিঃ

বিষয়ঃ স্বাস্থ্যকর্মীদের এককালীন বিশেষ সম্মানী প্রদান প্রসংগে।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত ০৩/১২/২০২০ তারিখ স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রী মহোদয়ের সভাপতিত্বে এক সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত অনুসরণপূর্বক এককালীন বিশেষ সম্মানী প্রদানের প্রস্তাব প্রেরণের জন্য গত ০৮/১২/২০২০ তারিখে ১০৫২ নং স্মারকে পত্র প্রেরণ করা হয় (কপি সংযুক্ত)।

০২। উল্লেখ্য, গত ১২/১১/২০২০ তারিখে ৯৩৭ নং স্মারকে নিম্নবর্ণিত ছক মোতাবেক তথ্য প্রেরণের জন্য এক তাগিদপত্র প্রেরণ করা হয়। কিন্তু অদ্যাবধি সঠিকভাবে প্রস্তাব পাওয়া যায়নি। এককালীন সম্মানী প্রদানের নিমিত্ত নিম্নবর্ণিত ছকে প্রস্তাব প্রয়োজন।

| ক্র: নং | নাম ও পদবী | কর্মস্থল | পদায়নের ধরণ (সরাসরি নিয়ুক্ত/প্রেষণ/সংযুক্তি) | যে প্রতিষ্ঠান থেকে বেতন-ভাতা আহরণ করেন তার নাম(মন্ত্রণালয়) | মূল বেতন (জুলাই,২০২০) | এককালীন বিশেষ সম্মানীর পরিমাণ |
|---|---|---|---|---|---|---|
| | | | | | | |
| | | | | | | |

০৩। এমতাবস্থায়, করোনা ভাইরাস (কোভিড-১৯) আক্রান্তদের চিকিৎসা সেবায় নিয়োজিত স্বাস্থ্যকর্মীদের এককালীন বিশেষ সম্মানী প্রদানের প্রস্তাব বিনা ব্যর্থতায় সঠিকভাবে যাচাই-বাছাই পূর্বক আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে উপরি বর্ণিত ছক অনুযায়ী হার্ডকপি, সফটকপি(নিকস ফ্রন্ট) প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

৪। বিষয়টি অতীব জরুরী।

সংযুক্তঃ বর্ণনামতে।

( সুশীল কুমার পাল )
সিনিয়র সহকারী সচিব
ফোনঃ ৯৫৪৫৯২৭

১। মহাপরিচালক,স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী,ঢাকা
২। মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হলোঃ

১। অতিরিক্ত সচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। যুগ্মসচিব (সকল), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৩। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। পরিচালক (প্রশাসন/অর্থ), স্বাস্থ্য অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৫। সচিবের একান্ত সচিব, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। অতিরিক্ত সচিবের (বাজেট) ব্যক্তিগত কর্মকর্তা, স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।

(সুশীল কুমার পাল)
সিনিয়র সহকারী সচিব